১৮.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আব্দুল
গনি রোড,ঢাকা-১০০০
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন)
E-mail- directordia81@gmail.com

স্মারক নম্বর: ৩৭.১৯.০০০০.০০১.১৮.০১২.২০.৩৮

তারিখ: ২৯ পৌষ ১৪২৭
১৩ জানুয়ারি ২০২১

বিষয়: **মুজিব বর্ষের ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত কর্মসূচী সংক্রান্ত।**

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০৮.১৯.৩ ০৪ জানুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তর কর্তৃক মুজিববর্ষে গৃহীত কর্মসূচি এবং বাস্তবায়নের অগ্রগতি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

ক্রমিক	বিষয়/শিরোণাম	কার্যক্রমের বিস্তারিত বিবরণ	বাস্তবায়ন কাল, শুরুর তারিখ ও সমাপ্তির তারিখ	প্রকাশিত ফলাফল	অগ্রগতি
০১	অধিদপ্তরের সকল কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়ন	মাঠ পর্যায়ে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর কর্মসূচি গৃহীত হয়েছে। এ অধিদপ্তরের সকল কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের জন্য অটোমেশন সফটওয়্যার প্রস্তুতসহ সকল কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	পাইলটিং ও প্রয়োজনীয় সংশোধনীর কাজ: শুরু-জুন ২০২০ শেষ-৩০ জুন ২০২১; লক্ষ্যমাত্রা: ১০০০ প্রতিষ্ঠান।	অধিদপ্তরের কাজের স্বচ্ছতা ও বাবদিহিতা নিশ্চিত হবে। টিসিভি কমবে। ডিআইএ হবে প্রথম ডিজিটাইজ অধিদপ্তর।	পাইলটিং ও প্রয়োজনীয় সংশোধনীর কাজ চলমান। লক্ষ্য পূরণ ১১৬ প্রতিষ্ঠান।
০২	বার্ষিক প্রতিবেদন প্রকাশ	মুজিববর্ষ উপলক্ষে প্রথমবারের মত ১লা জানুয়ারি ২০২০ হতে ৩১ ডিসেম্বর/২০২১ পর্যন্ত পরিদর্শন ও নিরীক্ষা সম্পর্কিত প্রতিবেদনের ভিত্তিতে শিক্ষার মান, আর্থিক ওদপ্তর ব্যবস্থাপনা সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হবে।	০১ অক্টোবর ২০২১ ডিআইএ'র প্রতিষ্ঠাবার্ষিকীর পূর্বে প্রকাশ করা হবে।	শিক্ষার মান, আর্থিক ওদপ্তর ব্যবস্থাপনা সম্পর্কে অবহিত হওয়া যাবে। শিক্ষকদের কর্তৃক অতিরিক্ত গ্রহণ, জাল সনদ ইত্যাদি বিষয় সম্পর্কে জানা যাবে।	প্রতিবেদনের খসড়া প্রণয়ন প্রক্রিয়াধীণ

০৩	মানসম্মত শিক্ষা ও দুর্নীতিমুক্ত শিক্ষা প্রশাসন বাস্তবায়নে প্রচারণা	মানসম্মত শিক্ষা ও দুর্নীতিমুক্ত শিক্ষা প্রশাসন মুজিববর্ষে ডিআইএ'র অঙ্গীকার। এ লক্ষ্যে উপযোগী পোষ্টার তৈরি করে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে (সাধারণ , কারিগরী ও মাদ্রাসা) প্রদর্শন করা হবে। এতে অধিদপ্তরের কার্যক্রমের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান অবহিত হতে পারবে। এতে অধিদপ্তরের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।	দুই ধাপে বাস্তবায়ন: ১ম ধাপ-১৭ই মার্চ, ২০২১। ২য় ধাপ-৩১ ডিসেম্বর ২০২১	দেশের ৩৬৭০০ শিক্ষা প্রতিষ্ঠান তাদের করণীয় সম্পর্কে অবহিত হতে পারবে।	১ম ধাপের ডিজাইন সম্পন্ন হয়েছে।
০৪	শিক্ষানবিসি কার্যক্রমের মাধ্যমে শ্রেণি পাঠদান পরিবীক্ষণ	এ অধিদপ্তর বিএড/ এমএড প্রশিক্ষণার্থীদের প্র্যাকটিস চিচিং করার অবসরে সারাদেশের ৩৬৭০০ শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) প্রত্যেক শিক্ষকের শ্রেণি পাঠদান পরিবীক্ষণপূর্বক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন করে সুপারিশসহ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করা হবে।	১৭ই মার্চ, ২০২১ এর মধ্যে।	ক্লাসরুম টিচিং এর মান সম্পর্কে অবহিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।	কনসেপ্ট পেপার প্রস্তুত প্রক্রিয়াধীন।
০৫	পিয়ার ইন্সপেকশন	দেশের ৩৬৭০০ শিক্ষা প্রতিষ্ঠানকে (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) বার্ষিক পরিদর্শনের আওতায় আনায়ণের জন্য পিয়ার ইন্সপেকশন সফটওয়্যার সিস্টেমের আওতায় আনা হবে। পিয়ার ইন্সপেকশন হলো এমন একটি পদ্ধতি যেখানে এক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সমপর্যায়ের অন্য প্রতিষ্ঠান অনলাইনে পরিদর্শন কার্যক্রম নির্ধারিত ছক মোতাবেক পরিচালনা করা।	করোনা পরিস্থিতি এবং দপ্তরের জনবল সংকটের কারণে বিলম্বিত হচ্ছে।	দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক পরিদর্শনের আওতায় আসবে। এক ক্লিকে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আপডেট তথ্য জানা যাবে।	সফ্টওয়্যার ক্রয়ের কনসেপ্ট পেপার প্রক্রিয়াধীন।
০৬	ডিজিটালাইজেশন সিস্টেম অব মডেল ইনস্টিটিউশন	সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে (শিওর ক্যাশ,নগদ,বিকাশ,রকেট ইত্যাদি) সংগ্রহ এবং আয়-ব্যয় সম্পর্কিত যাবতীয় হিসাব সফটওয়্যার এর মাধ্যমে সম্পন্ন এবং সংরক্ষণ করা হবে, যেখানে ক্যাশ বহি, সাবসিডিয়ারি রেজিষ্টার, একুইটেন্স রোল ইত্যাদি ডিজিটাল ভার্সনে সন্নিবেশিত হবে।	করোনা পরিস্থিতি এবং দপ্তরের জনবল সংকটের কারণে বিলম্বিত হচ্ছে।	শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আর্থিক স্বচছতা নিশ্চিত করবে।	সফ্টওয়্যার ক্রয়ের কনসেপ্ট পেপার প্রক্রিয়াধীন।
০৭	শূন্য পদ পূরণ	এ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ৪৯টি শূন্য পদ পূরণ প্রক্রিয়াধীন।	৩১ ডিসেম্বর এর মধ্যে সম্পন্ন হবে।	অধিদপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি পাবে।	প্রক্রিয়াধীন

০৮	১৭ মার্চ ২০২০ বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং ১৫ আগষ্ট ২০২০ জাতীয় শোক দিবস উদযাপন।	১৭ মার্চ ২০২০ বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং ১৫ আগষ্ট ২০২০ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। স্বাস্থ্যবিধি মেনে আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।	সম্পন্ন		মন্ত্রণালয়ে এ বিষয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
০৯	অধিদপ্তরের অগ্রানোগ্রাম ও নিয়োগ বিধি সংশোধন	প্রতিষ্ঠাকালে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৭২২১ টি এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিদের বেতন ভাতা বা অনুদান খাতে বাজেট ছিল ২৩৫ কোটি টাকা। বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩৬৭০০ টি এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিদের বেতন ভাতা বা অনুদান খাতে বাজেট প্রায় ৭৫০০ কোটি টাকা। জনবলের স্বল্পতার কারণে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর বছরে ১৮০০-২০০০ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারে। শিক্ষার মানোন্নয়নে প্রতিবছর প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানই পরিদর্শন ও নিরীক্ষা করা আবশ্যক। ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য এ অধিদপ্তরের অগ্রানোগ্রাম ও নিয়োগবিধি সংশোধন করে জনবল বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	২৭/০১/২০২১ তারিখ এ বিষয়ে মতবিনিময় কর্মশালা	নির্দিষ্ট সময়েই সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষার মাধ্যমে শিক্ষা খাতে ব্যয়িত সরকারের বিপুল পরিমাণ অর্থের সদ্ব্যবহার নিশ্চিতকরণ, শিক্ষা প্রশাসন ও শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন সাধন এবং শিক্ষার মানোন্নয়ন সম্ভব হবে।	প্রক্রিয়াধীন
১০	অডিট মেনুয়াল প্রকাশ	হিসাব সংরক্ষণের ক্ষেত্রে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও প্রকাশিত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি 'নির্দেশিকা-১৯৮৪'' যুগোপযোগী ও হালনাগাদ করণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	৩০ জুন ২০২১	অডিট মেনায়াল প্রকাশের ফলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ, নিরীক্ষা সহজ হবে।	প্রক্রিয়াধীন

১৩-১-২০২১
প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর
পরিচালক
ফোন: ৯৫৫২৮৫৮

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ